



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশিবাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 58617908, 9615576



নং-বামাশিবো/প্রশাসন/ময়মনসিংহ-১১৮/৩৬৩৫/২

তারিখ: ০২ জ্যৈষ্ঠ ১৪২৮
১৬ মে ২০২১

বিষয়: এডহক কমিটি ভেঞ্চে দেয়া প্রসঙ্গে


সূত্র: নং-বামাশিবো/প্রশাসন/ময়মনসিংহ-১১৮/৩৬৩৫/২; তারিখ: ১৩/০৪/২০২১ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, ময়মনসিংহ জেলার ত্রিশাল উপজেলাধীন ধানীখোলা ইসলামিয়া দাখিল মাদ্রাসায় সূত্রোক্ত স্মারকে এডহক কমিটি কেন ভেঞ্চে দেয়া হবে না তার সন্তোষজনক জবাব ১০ (দশ) দিনের মধ্যে দাখিল করার জন্য মাদ্রাসার সহ-সুপার/ভারপ্রাপ্ত সুপার জনাব মো: ইউনুছ আলী ও এডহক কমিটির সভাপতিকে পত্র প্রেরণ করা হয়।

উক্ত পত্রের আলোকে সহ-সুপার/ভারপ্রাপ্ত সুপার ও এডহক কমিটির সভাপতি জবাব প্রদান করেছেন। দাখিলকৃত জবাব পর্যালোচনায় দেখা যায়, সহকারি সুপার এডহক ভেঞ্চে দেয়ার অনুরোধ করেছেন। অপরদিকে, এডহক কমিটির সভাপতি নিয়োগ সংক্রান্ত অনিয়মের বিষয় উল্লেখ করেছেন এবং সুপারের অবর্তমানে সহ-সুপারকে ভারপ্রাপ্ত সুপারের দায়িত্ব প্রদান না করে সহকারি শিক্ষককে দায়িত্ব প্রদান করেছেন যা বোর্ড কর্তৃপক্ষের নিকট সন্তোষজনক প্রতীয়মান হয়নি।

বর্ণিত অবস্থায়, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা (গভার্ণিং বডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা-২০০৯ এর প্রবিধান-৩৮(১) এর ক্ষমতাবলে এ দপ্তর হতে নং- বামাশিবো/প্রশা/২৩১২১১১২২৫৭১/৩৭২৪২/নথি নং-১১৮; তারিখ: ০১/০৩/২০২১ খ্রি. স্মারকে অনুমোদিত এডহক কমিটি এতদ্বারা ভেঞ্চে দেয়া হলো

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।


২৬.০৫.২০২১

মোঃ সিদ্দিকুর রহমান

রেজিস্ট্রার

ফোন: ৯৬১২৮৫৮

ই-মেইল: registrar@bmeb.gov.bd

প্রাপক: ভারপ্রাপ্ত সুপার, ধানীখোলা ইসলামিয়া দাখিল মাদ্রাসা, ডাকঘর: ধানীখোলা, ত্রিশাল, ময়মনসিংহ।

নং-বামাশিবো/প্রশাসন/ময়মনসিংহ-১১৮/৩৬৩৫/২

তারিখ: ০২ জ্যৈষ্ঠ ১৪২৮
১৬ মে ২০২১

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. জেলা প্রশাসক, ময়মনসিংহ;
২. জেলা শিক্ষা অফিসার, ময়মনসিংহ;
৩. উপজেলা নির্বাহী অফিসার, ত্রিশাল, ময়মনসিংহ;
৪. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ত্রিশাল, ময়মনসিংহ;
৫. ম্যানেজার, সোনালী/রূপালী/জনতা/অগ্রনী ব্যাংক লিঃ..... শাখা, ত্রিশাল, ময়মনসিংহ;
৬. পি ও টু চেয়ারম্যান/ পি এ টু রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৭. অফিস কপি।

মোঃ ওমর ফারুক

উপ-রেজিস্ট্রার (প্রশাসন)

ফোন: ৯৬৭৪৮৭৪

ই-মেইল: dradmin@bmeb.gov.bd